গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৪. ৩৮৫

তারিখ ঃ ০৭/০৫/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি), ঢাকা; ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি), রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকায় বিএসসি ইন হেলথ টেকনোলজী কোর্সসমূহে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি।
(অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা)

২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি), ঢাকা; ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি), রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকায় নিম্নে বর্ণিত কোর্স সমূহে বাংলাদেশের নাগরিক শিক্ষার্থীদের ভর্তির জন্য ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের হতে টেলিটক বাংলাদেশ লিমিটেডে এসএমএস (SMS) এর মাধ্যমে ও অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| কোর্সসূহের নাম | আইএইচটি, ঢাকা | আইএইচটি, রাজশাহী | জনস্বাস্থ্য ইনস্টিটিউট |
|---|---|---|---|
| | কোর্স ভিত্তিক আসন সংখ্যা | কোর্স ভিত্তিক আসন সংখ্যা | কোর্স ভিত্তিক আসন সংখ্যা |
| বিএসসি ইন হেলথ টেকনোলজী (ল্যাবরেটরী) | ৫৫ টি | ৩০ টি | ৩০ টি |
| বিএসসি ইন ফিজিওথেরাপী | ৫৫ টি | ৩০ টি | -- |
| বিএসসি ইন হেলথ টেকনোলজী (রেডিওলজী এণ্ড ইমেজিং) | ৪০ টি | -- | -- |
| বিএসসি ইন হেলথ টেকনোলজী (ফুড সেফটি) | -- | -- | ৩০ টি |
| মোট আসন সংখ্যা= | ১৫০ টি | ৬০ টি | ৬০ টি |

২. আবেদন শুরুর তারিখ : ০৮/০৫/২০২৪ খ্রি.
৩. আবেদন গ্রহণের শেষ তারিখ : ২৬/০৫/২০২৪ খ্রি. (রাত ১১:৫৯ মি:)
৪. ভর্তি পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ : ২৭/০৫/২০২৪ খ্রি. (রাত ১১:৫৯ মি:)
৫. ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র ডাউনলোড : ০৪/০৬/২০২৪ খ্রি. (দুপুর ১২:০০ টা হতে ০৬/০৬/২০২৪ খ্রি. সকাল ১০:০০ টা) পর্যন্ত
৬. ভর্তি পরীক্ষার তারিখ : ০৭/০৬/২০২৪ খ্রি. (সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত)
৭. আবেদন করার নির্দেশাবলি www.dgme.portal.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।
৮. **আবেদনের শর্তাবলী ঃ**

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- সাধারন আসনের জন্য যোগ্যতা :
  - i) যারা ২০২১, ২০২২ এবং ২০২৩ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক(বিজ্ঞান)/সমমান(বিজ্ঞান) পরীক্ষায় পাশ করেছেন তারা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবেন। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীগণ যে কোন একটি অনুষদে আবেদন করতে পারবেন।
  - ii) উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে মাধ্যমিক (বিজ্ঞান) ও উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীব বিজ্ঞান সহ (ঐচ্ছিক বিষয় বাদে) সর্বমোট জিপিএ ন্যূনতম ৬.০০ প্রাপ্ত হতে হবে এবং মাধ্যমিক (বিজ্ঞান) ও উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) যে কোন পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় বাদে) নূন্যতম জিপিত্র ২.৫ থাকতে হবে। ২০২১ খ্রি. সালের পূর্বে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না। বিএসসি ইন ফিজিওথেরাপী কোর্সে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/সমমান(বিজ্ঞান) উত্তীর্ণ শিক্ষার্থীগণ (ঐচ্ছিক বিষয় বাদে) সর্বমোট জিপিএ-৭.০০ প্রাপ্ত হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক যে কোন পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় বাদে) ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। ২০২১ খ্রি. সালের পূর্বে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাশকৃত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
- ডিপ্লোমাধারীদের জন্য যোগ্যতা :
  সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি চাকরিজীবী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা পাশ এবং ০১.০৭.২০২৪ খ্রি. তারিখে বয়স অনুর্ধ ৪৫ (পয়তাল্লিশ) বৎসর (এসএসসি সনদ অনুযায়ী) হতে হবে। প্রার্থীদের সরকারি চাকুরীর বয়স ০১.০৭.২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ০৫(পাঁচ) বৎসর হতে হবে। সরকার কর্তৃক অনুমোদিত ডিপ্লোমা ইন ইন্টিগ্রেটেড মেডিকেল টেকনোলজি কোর্স উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিএসসি ইন ফিজিওথেরাপী কোর্সের ভর্তি পরিক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
- **ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট বিষয়ের বিএসসি ইন হেলথ টেকনোলজী কোর্সে আবেদন করতে পারবেন। ডিপ্লোমা পাশকৃত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদেরকে আগামী ০৮.০৫.২০২৪ খ্রি. হতে ২০.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্তপর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তর, পুরাতন ভবন ২য় তলায়, রুম নম্বর-২০৫) বরাবর জমা দিয়ে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট বিষয়ে আবেদন করতে পারবেন না।**

০৯. আসন বিভাজন :

- **বিএসসি ইন হেলথ টেকনোলজী ল্যাবরেটরী, রেডিওলজী এন্ড ইমেজিং এবং বিএসসি ইন ফিজিওথেরাপী কোর্স সমূহের ক্ষেত্রে প্রযোজ্য :** মোট আসনের ৫০% ডিপ্লোমাধারী সরকারী চাকরিজীবী, ২৫% ডিপ্লোমাধারী বেসরকারী চাকুরিজীবী, স্বায়ত্বশাসিত চাকুরিজীবী ও পাশকৃত ডিপ্লোমাধারী এবং অবশিষ্ট ২৫% এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (বিজ্ঞান) পাশকৃত ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।
- ডিপ্লোমা সরকারি চাকরিজীবী প্রার্থীদের আসন শূন্য থাকলে উক্ত শূন্য আসনে ডিপ্লোমা প্রার্থীগণ মেধাভিত্তিক বিবেচিত হবেন।
- **বিএসসি ইন হেলথ টেকনোলজী (ফুড সেফটি) এর ক্ষেত্রে প্রযোজ্য :** মোট আসনের ২৫% সেনেটারী ইন্সপেক্টরশীপ ডিপ্লোমাধারী সরকারি চাকুরিজীবী, ২৫% সেনেটারি ইন্সপেক্টরশীপ ডিপ্লোমাধারী বেসরকারী চাকুরিজীবী, স্বায়ত্বশসিত চাকুরিজীবী ও পাশকৃত সেনেটারি ইন্সপেক্টরশীপ ডিপ্লোমাধারী এবং অবশিষ্ট ৫০% এসএসসি ও এইচএসসি (বিজ্ঞান) পাশকৃত ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ডিপ্লোমা সরকারি/ বেসরকারি চাকুরিজীবী প্রার্থীদের আসন শূণ্য থাকলে উক্ত শূণ্য আসনে মেধাভিত্তিক শিক্ষার্থী নির্বাচন করা হবে।

১০. সংরক্ষিত আসন :

- মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) প্রার্থীদের জন্য প্রতিটি অনুষদে ৫ (পাঁচ) % আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য) স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমাণক ভুল প্রমানিত হলে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।
- উপজাতীয় কোটায় প্রতিটি অনুষদে ০১ (এক) টি করে আসন সংরক্ষিত থাকবে। উপজাতীয় কোটা দাবির ক্ষেত্রে প্রার্থীদেরকে তাদের নিজ নিজ জেলা প্রশাসক এবং গোত্র প্রধানের স্বাক্ষরিত সনদ দাখিল করতে হবে।

১১. **পরীক্ষা কেন্দ্র অধ্যক্ষ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী মহাখালী, ঢাকা এর মনোনীত ভেন্যুতে অনুষ্ঠিত হবে। আবেদনের জন্য বিষয় কোড সমূহ নিম্নে ছকে দেখানো হলো:**

| Course Name | Course Code/ Subject Code |
|---|---|
| Dhaka IHT BSC in Health Technology (Laboratory) | 11 |
| Dhaka IHT BSC in Physiotherapy | 13 |
| Dhaka IHT BSC in Health Technology ( Radiology & Imaging) | 14 |
| Rajshahi IHT BSC in Health Technology ( Laboratory) | 15 |
| Rajshahi IHT BSC in Physiotherapy | 16 |
| Institute of Public Health BSC in Health Technology (Laboratory) | 17 |
| Institute of Public Health BSC in Health Technology (Food Safty) | 18 |

| | |
|---|---|
| Freedom Fighter | FF |
| Tribal | TR |

১২. এসএমএস এবং অনলাইনে আবেদন করার পদ্ধতি :

**SMS (General Student without diploma)**

**1st SMS (Prepaid Teletalk Mobile)**

IHT<Space> HSC Board Name<Space> HSC Roll <Space> HSC Year<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year<space>Subject Code<space>Quota(If any quota) and send to 16222
(" বোর্ড: ঢাকা DHA, MAD, DIN, SYL, RAJ, JES, BAR, COM, CHI, ... )

**Example :**

IHT DHA 2345687 2023 DHA 7865432 2021 15 and send to 16222

or.

IHT DHA 2345687 2023 DHA 7865432 2021 15 FF and send to 16222 (For candidate of freedom fighter quota)

**or.**

IHT DHA 2345687 2023 DHA 7865432 2021 15 FF and send to 16222 (For candidate of tribal quota)

**Reply**: Name, PIN, Institute, Sub, TK 1500 will be charged as application fee. To pay fee type:
IHT<Space>Yes<Space>PIN<Space> Contact Mobile Number (Any mobile operator).

**2nd SMS**

IHT<Space>Yes<Space> PIN<Space> Contact Number and send to 16222

**Example :** IHT Yes 12345678 01xxxxxxxxx and send to 16222

**Reply**: Congrats! Name, fee received successfully for IHT_BSC, Institute, Subject, User Name (PDFGJEIT), Password (70180345).

**SMS Format (Diploma working in Government organization)**

**1st SMS (Prepaid Teletalk Mobile)**

IHT<Space>DIPG<space> Dip reg no <space> Dip Passing year <Space>Subject Code <space> Diploma code No <space> Quota (If any quota) and send to 16222

Example:
IHT DIPG 33488 2019 15 24101 and send to 16222 (For candidate without freedom fighter and tribal quota)
Or,
IHT DIPG 33488 2019 15 24101 FF and send to 16222 (For candidate of freedom fighter quota)
Or,
IHT DIPG 33488 2019 15 24101 TR and send to 16222 (For candidate of tribal quota)

**Reply**: Name, PIN, Institute, Sub, TK 1500 will be charged as application fee. To pay fee type:
IHT<Space>Yes<Space>PIN<Space> Contact Mobile Number (Any mobile operator).

**2nd SMS**

IHT<Space>Yes<Space> PIN<Space> Contact Number and send to 16222

**Reply** : Congrats! Name fee received successfully for IHT_BSC, Institute, Subject, User Name (PDFGJEIT), password (70180345)

**SMS Format (Diploma working in Non- Government organization)**

**1st SMS (Prepaid Teletalk Mobile)**

IHT<Space>DIPN<space>Dip reg no <space>Dip Passing year<Space>Subject Code<space>Diploma code No < Space> Quota (If any quota) and send to 16222
Example:
IHT DIPN 33488 2019 15 24101 and send to 16222 (For candidate without freedom fighter and tribal quota)
Or,
IHT DIPN 33488 2019 15 24101 FF and send to 16222 (For candidate of freedom fighter quota)
Or,
IHT DIPN 33488 2019 15 24101 TR and send to 16222 (For candidate of tribal quota)

**Reply** : Name, PIN, Institute, Sub, TK 1500 will be charged as application fee. To pay fee type:
IHT<Space>Yes<Space>PIN<Space> Contact Mobile Number (Any mobile operator)

**2nd SMS**
IHT<Space>Yes<Space> PIN<Space> Contact Number and send to 16222
**Reply** : Congrats! Name fee received successfully for IHT_BSC, Institute, Subject, User Name (PDFGJEIT), password (70180345)

- **ডিপ্লোমা পাশকৃত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদেরকে আগামী ০৮.০৫.২০২৪ খ্রি. হতে ২০.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্তপর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি, পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তর, পুরাতন ভবন ২য় তলায়, রুম নম্বর-২০৫) বরাবর জমা দিয়ে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট বিষয়ে আবেদন করতে পারবেন না।**

১৩. প্রবেশ পত্র ডাউনলোডঃ
প্রার্থী এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদানের পর প্রবেশ পত্র ডাউনলোড এর জন্য নির্ধারিত সময়ে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব পোর্টাল (http://dgme.teletalk.com.bd) এ ব্রাউজ করবেন।
IHT এ্যাডমিশন অপশনে ক্লিক করলে প্রার্থী স্ব স্ব ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করলে প্রার্থীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। নির্ভুল সাবমিট করলে প্রার্থীর ছবি, স্বাক্ষর ও কেন্দ্রের নাম সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। এডমিট কার্ড ডাউনলোড করার জন্য প্রার্থীকে যথাসময়ে টেলিটক থেকে এসএমএস প্রদান করা হবে।

১৪. সাধারণ আসনের প্রার্থীকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান বিভাগ) এর সিলেবাস অনুযায়ী ১০০(একশত) নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ডিপ্লোমাধারীদের সংশ্লিষ্ট বিষয়ের উপর ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার পাশ নম্বর ৪০। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। মেধাভিত্তিক প্রার্থী নির্বাচন করা হবে। লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। ভর্তি পরীক্ষার ফলের সাথে একাডেমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ/নম্বর যোগ করে মেধাতালিকা প্রস্তুত করা হবে। কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১৫. প্রার্থী নির্বাচন ঃ

| | | |
|---|---|---|
| (ক) সাধারণ আসনের প্রার্থীদের ক্ষেত্রে | : | এসএসসি তে প্রাপ্ত জিপিএ- এর ০৮ গুন (৪০%),<br>এইচএসসি তে প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন (৬০%),<br>ও লিখিত পরীক্ষা- ১০০ নম্বর। |
| (খ) চাকুরীরত ডিপ্লোমা পাশকৃত প্রার্থীদের ক্ষেত্রে | : | এসএসসি তে প্রাপ্ত নম্বর থেকে ৪০ / জিপিএ- এর ০৮গুন (৪০%),<br>ডিপ্লোমাতে প্রাপ্ত নম্বর থেকে ৬০ / জিপিএ-এর ১২ গুন (৬০%),<br>ও লিখিত পরীক্ষা-১০০ নম্বর। |

১৬. **লিখিত পরীক্ষার নম্বর বিন্যাস :**

- সাধারণ ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে লিখিত পরীক্ষার মান বন্টন।

| ক্রমিক নং | বিষয় | নম্বর বিন্যাস |
|---|---|---|
| ০১ | ইংরেজি | ১৫ |
| ০২ | পদার্থ | ২০ |
| ০৩ | রসায়ন | ২৫ |
| ০৪ | জীববিজ্ঞান | ৩০ |
| ০৫ | সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী ও মুক্তিযুদ্ধ) | ১০ |
| | **মোট নম্বর** | ১০০ |

- এসআইটি সহ সকল ডিপ্লোমাধারীদের জন্য MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মান বন্টন:

| ক্রমিক নং | বিষয় | নম্বর বিন্যাস |
|---|---|---|
| ০১ | এনাটমী | ২০ |
| ০২ | ফিজিওলজী | ২০ |
| ০৩ | কমিউনিটি মেডিসিন | ১০ |
| ০৪ | মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজী | ২০ |
| ০৫ | ইংরেজি | ২০ |
| ০৬ | সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী ও মুক্তিযুদ্ধ) | ১০ |
| | **মোট** | ১০০ |

১৭. মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অনুষদ ভিত্তিক তালিকা প্রস্তুত করা হবে এবং প্রার্থীদের অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করবে।

১৮. নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় নিম্নলিখিত কাগজ-পত্রাদি জমা দিতে হবে।

(ক) এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষার পাশের মূল সনদ পত্র সমূহ।

(খ) এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি(বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষার পাশের মূল নম্বর পত্র সমূহ।

(গ) ডিপ্লোমা পাশ প্রার্থীদের পক্ষে সংশিষ্ট বিষয়ে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ থেকে ডিপ্লোমা পাশের সনদ/প্রশংসা পত্র, সরকার কর্তৃক অনুমোদিত ডিপ্লোমা ইন ইন্টিগ্রেটেড মেডিকেল টেকনোলজি কোর্স পাশের সনদ/প্রশংসা পত্র।

(ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগপত্র, যোগদানপত্র এবং চাকুরীকালের বিবরণ সম্বলিত প্রত্যায়ন পত্র।

(ঙ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক এবং গোত্র প্রধানের স্বাক্ষরিত সনদপত্র।
মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানদের সন্তানের জন্য মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি।

(চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন সত্যায়িত ছবি।

(ছ) নাগরিক সনদপত্র/জন্মনিবন্ধনের কপি।

১৯. প্রার্থী যে ইনস্টিটিউটে ভর্তির জন্য আবেদন করবে, সেই ইনস্টিটিউটে তাকে ভর্তি হতে হবে। নির্বাচিত প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরণ করা হবে। ভর্তির সময় ছাত্র-ছাত্রীদেরকে মূল সনদপত্র এবং মার্কসীট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গন্য হবে। কোনোক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।

২০. অনুমোদিত কোর্স কারিকুলাম অনুযায়ী কোর্সসমূহ পরিচালিত হবে।

২১. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবাসিক সুবিধা প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নন।

২২. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য আইএইচটি ঢাকা, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট থেকে অফিস চলাকালীন সময়ে সকাল ৮.০০ ঘটিকা থেকে ২.৩০ ঘটিকা পর্যন্ত জানা যাবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.portal.gov.bd,স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd, টেলিটকের ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে।

২৩. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন, ফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

২৪. প্রার্থীর দেয়া কোনো তথ্য (যা ইনস্টিটিউট নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন/ইনস্টিটিউট নির্ধারণ/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২৫. যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন ঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।

৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।

৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক (প্রশাসন)।

৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. অতিরিক্ত মহাপরিচালক, (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী, ঢাকা/রাজশাহী ও পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।

১০. অফিস কপি।